**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকলের বাফেলোতে 2.4 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের সাড়ম্বর উদ্বোধন ঘোষণা

***সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস পূর্ব বাফেলোতে নতুন সাশ্রয়ী বাড়ি এবং বাণিজ্যিক জায়গা তৈরি করছে***

***ছবি পাওয়া যাবে এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ বাফেলোর পূর্ব অংশে 2.4 মিলিয়ন ডলারের একটি মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ সমাপ্ত হয়েছে বলে ঘোষণা দিয়েছেন যা 11টি সাশ্রয়ী বাড়ি এবং নতুন বাণিজ্যিক জায়গা নিয়ে এসেছে। সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস (Cigar Factory Apartments)-এ ঐতিহাসিক জ্যানকউস্কি সিগার ফ্যাক্টরি সাইট পুনঃউন্নয়ন এবং একটি সংলগ্ন নতুন ভবন নির্মাণ করা হয়েছে।

"এই উন্নয়ন প্রকল্প পূর্ব বাফেলোর জন্য সঠিক কাজটি করার ব্যাপারে আমাদের অঙ্গীকারাবদ্ধতার একটি বৃহৎ উপাদান," **বলেছেন গভর্নর হোকল।** "2 মিলিয়ন ডলারের স্টেট তহবিলের কারণে সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস একটি পুরোনো সিগার প্ল্যান্টকে নান্দনিক, নিরাপদ, সাশ্রয়ী বাড়িতে রূপান্তর করেছে। আজকের সাড়ম্বর উদ্বোধনের মধ্য দিয়ে, বাড়ির মালিকদের সহায়তা করা এবং বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য 50 মিলিয়ন ডলার বরাদ্দ করার পাশাপাশি, আমরা সমগ্র কমিউনিটির উন্নতির জন্য পূর্ব বাফেলোতে বিনিয়োগ করছি।"

সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার পরিপূরক। 2022-23 সালের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টসে সাতটি এক-বেডরুমের এবং চারটি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট, এবং নিচ তলায় একটি ছোট কফি শপ রয়েছে। সব অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 50 শতাংশের কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

595 ফিলমোর এভিনিউতে অবস্থিত সিগার ফ্যাক্টরির সাইটটি ব্রডওয়ে ফিলমোর নেইবারহুড হাউজিং সার্ভিসেস (Broadway Fillmore Neighborhood Housing Services, BFNHS) 2015 সালে ক্রয় করে নেয়, কিন্তু কয়েক সপ্তাহ পরে আগুন লেগে ভবনের বেশিরভাগ অংশ ধ্বংস হয়ে যায়। BFNHS সম্পত্তির পিছনের দিকে থাকা দুইটি ভবন বাঁচাতে পেরেছিল, যার মধ্যে একটি ইটের দালান ছিল যেখানে তামাক পাতা কিউর করে রোল করার জন্য প্রস্তুত করা হতো। BFNHS পরবর্তীতে পার্শ্ববর্তী 591 ফিলমোরের সাইটটি অধিগ্রহণ করে। উন্নয়ন প্রকল্পটি বাফেলোর ঐতিহাসিক সেন্ট্রাল টার্মিনালে যাওয়ার প্রধান গেটওয়েতে অবস্থিত, যা জুন মাসে গভর্নরের [ঘোষিত](#) 60 মিলিয়ন ডলারের স্টেটের আঞ্চলিক পুনরুজ্জীবীতকরণ অংশীদারিত্ব (Regional Revitalization Partnership, RRP) তহবিল দিয়ে শীঘ্রই পুনঃউন্নয়ন করা হবে, এবং শতাব্দী-পুরোনো ব্রডওয়ে মার্কেটের কাছাকাছি অবস্থিত, যেটি নিজেও বড় ধরনের উন্নয়নের জন্য RRP-এর তরফ থেকে 37 মিলিয়ন ডলার পেতে যাচ্ছে।

সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস এর জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে HOME লোকাল কর্মসূচি থেকে 1.9 মিলিয়ন ডলারের এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এর তরফ থেকে গ্রামীণ ও শহুরে কমিউনিটি বিনিয়োগ তহবিল থেকে (Rural and Urban Community Investment Fund) 40,000 ডলার। নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) এটির লো-রাইজ নতুন আবাসিক নির্মাণ কর্মসূচির (Low-rise Residential New Construction) মাধ্যমে 11,000 ডলার সহায়তা প্রদানের অঙ্গীকার করেছে। হোম ফ্রন্ট (HomeFront) 160,000 ডলার এবং বাফেলো সিটি 11,000 ডলার প্রদান করেছে।

ইতোপূর্বে গভর্নর হোকল 14 মে, 2022 তারিখে টপস সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের সন্ত্রাসী হামলার প্রেক্ষিতে পূর্ব বাফেলো কমিউনিটির তাৎক্ষণিক প্রয়োজন মোকাবেলায় স্টেটের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে 50 মিলিয়ন ডলারের টার্গেটকৃত বিনিয়োগ প্রদানের ঘোষণা দিয়েছিলেন। ঐতিহাসিক কাল থেকে লাল ফিতার দৌরাত্ম্য এবং আধুনিককালের লুণ্ঠনমূলক ধার দেওয়ার প্রচলন পূর্ব বাফেলোতে আবাসনের অবস্থা উল্লেখযোগ্যভাবে অস্থিতিশীল করে তুলেছে এবং ব্যক্তি, পরিবার, ও কমিউনিটির সম্পদ গড়ে তোলার সক্ষমতাকে বিঘ্নিত করেছে। স্টেট 34.5 মিলিয়ন ডলার বিনিয়োগ করার মাধ্যমে পূর্ব বাফেলোর সংগ্রামে লিপ্ত বাড়ির মালিকদের সহায়তা করার জন্য তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে:

- কর, পানি ও পয়ঃনিষ্কাশনের বকেয়া বিল পরিশোধের ক্ষেত্রে সহায়তার প্রয়োজন থাকা 4,000 জন পর্যন্ত বাড়ির মালিককে সেবা দেওয়ার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance)-এর জন্য 20 মিলিয়ন ডলার।
- বাড়ির গুরুত্বপূর্ণ মেরামতের প্রয়োজন থাকা 1,000 জন পর্যন্ত বাড়ির মালিককে সেবা পৌঁছে দেওয়ার জন্য 10 মিলিয়ন ডলার।

- 150 জন পর্যন্ত বাড়ির মালিককে সেবা দেওয়ার জন্য 4.5 মিলিয়ন ডলার, যারা ডাউন পেমেন্ট সহায়তায় অ্যাক্সেস পাবেন।

গভর্নর হোকল সম্প্রতি ঘোষণা করেছেন যে পূর্ব বাফেলোর অধিবাসীদের সহায়তাকারী এসব সমন্বিত আবাসন কর্মসূচির জন্য আবেদনের সুযোগ 9 আগস্ট থেকে উন্মুক্ত হয়েছে। অধিবাসীরা আবাসন কর্মসূচিগুলো সম্পর্কে এবং কিভাবে আবেদন করতে হবে তা জানতে 211-এ কল করতে পারেন।

**নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন,** "সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস বাফেলোর পূর্ব অংশে স্টেটের চলমান বিনিয়োগের একটি মূল্যবান উপাদান। এই উন্নয়ন প্রকল্প 11টি পরিবারের জন্য নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ সাশ্রয়ী বাড়ি প্রদান করছে যারা এখন এখানে বাস করছেন এবং ব্রডওয়ে-ফিলমোর এলাকায় একটি কৌশলগত অবস্থানে একটি মূল্যবান বাণিজ্যিক স্থান তৈরি করেছে। পূর্ব অংশের কমিউনিটির প্রতি তার চলমান অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং এই উন্নয়ন প্রকল্পকে সম্ভব করে তোলায় ব্রডওয়ে ফিলমোর নেইবারহুড হাউজিং সার্ভিসেস-এ আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "সিগার ফ্যাক্টরি অ্যাপার্টমেন্টস এর সাড়ম্বর উদ্বোধনের মধ্য দিয়ে, বাফেলোর পূর্ব অংশের অধিবাসীরা এখন এমন সাশ্রয়ী আবাসনের বৃহত্তর অ্যাক্সেস পাচ্ছেন যা জ্বালানি সাশ্রয়ী এবং পরিবেশগতভাবে দায়বদ্ধতাপূর্ণ, যার মাধ্যমে প্রমাণিত হচ্ছে যে ঐতিহাসিক ভবনগুলোকে নির্মল জ্বালানির ভবিষ্যতের দিকে নিয়ে আসা সম্ভব। নিউ ইয়র্কের সবচেয়ে অরক্ষিত নাগরিকরা যাতে একটি কার্বন নিরপেক্ষ অর্থনীতিতে স্টেটের উত্তরণের ফলে বসবাসের জন্য স্বাস্থ্যকর, স্থায়ী, ও জলবায়ু বান্ধব ভবন পেয়ে উপকৃত হতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে এই প্রকল্পে এবং এটির মতো অন্যান্য প্রকল্পে সহায়তা করতে পেরে NYSERDA আনন্দিত।"

**ব্রডওয়ে-ফিলমোর NHS, ইনক. এবং হোম ফ্রন্ট, ইনক. এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্টিফেন কারনাথ বলেন,** "আজকের এই দিনে পৌঁছানোর জন্য এই প্রকল্প বহু প্রতিবন্ধকতা অতিক্রম করেছে, যার মধ্যে আমাদের এটি অধিগ্রহণ করার কিছু দিনের মধ্যে একটি বিধ্বংসী অগ্নিকাণ্ডের ঘটনা, এবং একটি মহামারী অন্তর্ভুক্ত ছিল যা নির্মাণকাজের গতি উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিয়েছিল। হতে পারে এটি একটি ছোট প্রকল্প, কিন্তু আমাদের বিশ্বাস এটি রূপান্তরমূলক হয়ে উঠবে। এটি একটি সিগার স্টোর ও পারিবারিক বাড়ি হিসেবে এর অতীতকে প্রতিফলিত করে এবং ব্রডওয়ে ফিলমোর এলাকার ভবিষ্যতের জন্য একটি গেটওয়ে প্রদান করছে।"

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "আমাদের সিটির অতীতকে সংরক্ষণ করা এবং আমরা যে প্রাণবন্ত ভবিষ্যত নির্মাণ করছি তার মধ্যে এটিকে অন্তর্ভুক্ত করার জন্য যখন আমরা অঙ্গীকারাবদ্ধ হই তখন কী অর্জন করা যায় এই প্রকল্প তার আরো একটি উদাহরণ। ব্রডওয়ে ফিলমোর নেইবারহুড হাউজিং সার্ভিসেস এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্টিফেন কারনাথ এবং কারমিনা উড মরিসের রূপকল্প এবং নিউ ইয়র্ক স্টেটের সহায়তার মধ্য দিয়ে, এই সাইটটি আরো একবার জীবন্ত হয়ে উঠছে, এবং একটি ঐতিহাসিক অবকাঠামোকে একটি কমিউনিটি-কেন্দ্রিক স্থানে পরিণত করছে।"

**মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "আমি ব্রডওয়ে ফিলমোর নেইবারহুড হাউজিং সার্ভিসেসকে এই সাশ্রয়ী আবাসন ও খুচরা দোকারের জায়গা তৈরির প্রকল্প সম্পন্ন করার ব্যাপারে অবিচল মনোভাবের জন্য অভিনন্দন জানাই। সাবেক জ্যানকউস্কি সিগার ফ্যাক্টরিকে আবাসনে পরিণত করা একটি কঠিন প্রচেষ্টা ছিল, কিন্তু 2015 সালের অগ্নিকাণ্ডের রেশ কাটিয়ে উঠার জন্য ব্যাপক অঙ্গীকারাবদ্ধতা আবশ্যক ছিল। বাফেলো সেন্ট্রাল টার্মিনালের গেটওয়েতে অবস্থিত এই উন্নয়ন প্রকল্প ব্রডওয়ে ফিলমোর করিডর ও পূর্ব বাফেলোকে পুনরুজ্জীবিত করার জন্য সিটি ও নিউ ইয়র্ক স্টেটের সামগ্রিক প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ সংযোজন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418